WOMEN POLICE STATION (SADAR) Purulia

W.B. Form No. 27

# FIRST INFORMATION REPORT

006

First Information of a cognizable crime reported under section 154 Cr. P. C. at PS.

1. Dist Purulia Sub Divn Purulia P.S- PLA Sadar women Year 2021 FIR No. 06/21 Date 24/03/21
2. i) Act IPC Sections 498(A)/323/406/ ii) Act Sections
   iii) Act Sections 506/509/34 IPC iv) Other acts & Sections 3/4 D.P. Act
3. a) General Diary Reference Entry No. 629 of PLA Sadar Women PS Time 13:25 hrs
   b) Occurrence of Offence Day wednesday Date after marriage Time to 17/06/2020
   c) Information received Date 24/03/21 Time 13:25 hrs G.D. No. 629 at the P.S.
4. Type of Information : Written/Oral
5. Place of Occurrence a) Direction and Distance from P.S. towards east & 4Km approx
   b) Address
   Beat No.
   c) In case outside limit of this Police Station, than the name of P.S. District
6. Complainant / Informant :
   a) Name Saba Kauser
   b) Father's / Husband's Name Rizyan Ahamed
   c) Date / Year of birth 28 yrs d) Nationality Indian
   e) Address Digudipara J.K. College road. PS- Purulia (Town) Dist Purulia.
7. Details of known/suspected/unknown/accused with full particulars
   (Attach separate sheet, if necessary)
   ① Rizyan Ahamed S/o - Siraj Ahamed ② Siraj Ahamed S/o - not noted
   ③ Sabina Bibi W/o - Siraj Ahamed all of A-25/13-A, Salemapur, Biswanganj, Biswanganj, Uttar Pradesh, Pin - 221001.
   ④ Sabana Sekh W/o - Jakir Sekh ⑤ Jakir Sekh S/o - Sem Ali both of Arabindapolly, PS- Adra A/P - Railway colony Sabalpur, PS- Sabalpur.
   ⑥ Roji Parveen S/o - Riyaz Ahamed ⑦ Riyaz Ahamed S/o - Nuru Babu both of chandbali, PS - Bhadrak Dist - Orissa.
8. Reasons for delay in reporting by the complainant/Informant
9. Particulars of properties stolen/involved (Attach separate sheet, if required):
10. Total value of properties stolen/involved
11. Inquest report/U.D. Case no., if any
12. FIR Contents : (Attach separate sheets, if required)
    The original written complaint of the complainant which is treated as FIR is attached herewith.
    Sd/- O.C. 24/03/21.
13. Action taken : Since the above report reveals commission of offence(s) u/s - 498(A)/323/406/506/509/34 IPC & 3/4 D.P. Act.
    registered the case and took up the investigation/directed AST Tarani Mandal to take up investigation/transferred to P.S. on point of jurisdiction. FIR read over to the Complainant/Informant, admitted to be correctly recorded and a copy given to the Complainant/Informant free of cost.

Saba Kauser.

Signature/Thumb impression of the Complainant/Informant

Sthita Paul LSI 24/03/2021

Signature of the Officer-in-Charge, Police Station with

Name STHITA PAUL

Rank LSI of Police

Number if any

Officer In-Charge Women P.S. (Sadar) Purulia

WOMEN POLICE STATION (SADAR) Purulia

প্রতি,
অফিসার-ইন-চার্জ
পুরুলিয়া সদর থানা(মহিলা)
মহাশয়, তারিখঃ

আমি, নিম্নস্বাক্ষরকারী, আপনার নিকট এই মর্মে অভিযোগ জানাচ্ছি যে, আমার বিবাহ মুসলিম ধর্মানুসারে সালেমপুরা, বিশেশ্বরগঞ্জ, বারানসী, উত্তরপ্রদেশ নিবাসী রিজওয়ান আহমেদ, পিতা-সিরাজ আহমেদ এর সাথে গত ২৭/১১/২০১৮ তারিখে পুরুলিয়ার শক্তি সংঘ ধর্মশালাতে সম্পন্ন হয়। বিবাহের সময় পাত্রপক্ষের দাবীমত ১,৮০,০০০/- টাকা নগদ (একাউন্ট পেয়ী চেক মারফৎ দেওয়া হয়েছে), যা বুলেট মোটর সাইকেল কেনার দাবী মেটানোর জন্য দেওয়া হয়। এর সাথে ১০ ভরি সোনার অলংকার, রূপোর অলংকার, বিভিন্ন দামী আসবাবপত্র, টিভি, ফ্রিজ ইত্যাদি আনুমানিক ৩ লক্ষ টাকার জিনিষাদি, পাত্রপক্ষের যাতায়াতের খরচা বাবদ নগদ ৫৫,০০০/- টাকা, পাত্রের চাহিদামত তার নিজস্ব কেনাকাটার জন্য নগদ ৬৬,০০০/- টাকা ও আর ও অনেক কিছু দামী দামী জিনিষপত্র আমার বাড়ির লোকজন পাত্রপক্ষকে তাদের দাবী মত দিতে বাধ্য হয়।

বিবাহের পর ২৮/১১/২০১৮ তারিখে আমি আমার স্বামীগৃহে যাই ও স্বামীর সাথে থাকতে শুরু করি। আমাদের মধ্যে শারীরিক সম্পর্ক স্থাপিত হয়। ওয়েলিমার(রিসেপসন) এর পরদিন সকালে আমি এক চুড়ান্ত অপমানজনক পরিস্থিতির সাক্ষী হই। আমার শ্বশুর সিরাজ আহমেদ, শাশুড়ি সাবিরা বেগম, আমার স্বামী ও আমার দুই ননদ ও দুই ননদাই হঠাৎতই আমার যৌতুক সামগ্রীর মান নিয়ে নানান কটুক্তি করতে থাকে। আমার সামনেই আমার বাপের বাড়ির লোকদের গালিগালাজ করতে থাকে। সেই সময় আমার ননদ সাবানা শেখ ও তার স্বামী জাকির শেখ এবং আমার আরেক ননদ রোজী পারভিন ও তার স্বামী রিয়াজ আহমেদ আমার আলমারি থেকে আমার সব সোনার ও রূপোর অলংকার গুলো জোর করে কেড়ে নেয়। আমি পুরোপুরি অবাক হয়ে যায় এইরূপ ব্যবহার দেখে। আমার স্বামী আমার শাশুড়ির কথামত আমার শরীর থেকে জোর করে সব সোনার গয়না গুলি খুলে নিতে চাই। আমি তার পায়ে পড়ে অনুরোধ করলে আমার পরনের গয়না গুলি সে ছেড়ে দেয়। এরপর থেকে আমার উপর শারীরিক ও মানসিক নির্যাতন বাড়তে থাকে। উক্ত সব ব্যক্তিরা আমার সাথে কুকুরের মত ব্যবহার করতে থাকে। আমার ছোট ননদ রোজী পারভিন আমার শ্বশুরবাড়িতেই সেই সময় ছিল। আমার বড় ননদ ও ননদাই প্রায়ই আমার শ্বশুরবাড়ি ফোন করত। তাদের প্ররোচনাতেই আমার স্বামী, শ্বশুর ও শাশুড়ী আমার উপর অকথ্য অত্যাচার করত। তারা বহুসময় ফোন করেও আমার স্বামীকে উস্কানি দিত ও বিভিন্নরকম কুমন্ত্রনা দিত। তাদের উস্কানিতে আমার স্বামী আমার সাথে পশুর মত ব্যবহার করত। সারা পরিবার একসাথে বসে মদ্যপান করত। আমি সেটা মেনে নিতে পারতাম না। আমার স্বামী আমায় শুধুমাত্র ভোগ্যপন্য হিসাবে দেখত। আমার প্রতি কোন দায়িত্ব পালন সে করেনি। আমি সব কিছু মুখ বুজে সহ্য করতাম। তারা আমাকে বাইরে বার হতে দিত না। কারোর সাথে কথা পর্যন্ত বলা নিষেধ ছিল। এমনকি আমার বাপের বাড়ির কারো সাথে ফোনে কথা বলাও ছিল নিষেধ।

জানুয়ারী, ২০১৯ এ পরিস্থিতি আরো প্রতিকুল হয়ে ওঠে যখন তারা জানতে পারে যে আমি গর্ভবতী। এই খবর শোনামাত্র আমার স্বামী আমার উপর ক্ষেপে ওঠে। আমার স্বামী তথা আমার শ্বশুরবাড়ির অন্যান্য লোকেরা আমায় বাপের বাড়ি ফিরে যাওয়ার জন্য আমার উপর মানসিক চাপ দিতে থাকে। আমার স্বামী বলে যে সে আমার ও আমাদের হবু সন্তানের কোন দায়িত্ব নেবে না। আমার ননদাই জাকির শেখ আমার বাপের বাড়িতে ফোন মারফৎ তাদের সিদ্ধান্তের কথা জানিয়ে দেয়। গত ০৬/০২/২০১৯ তারিখে আমার ভাই ইমরান আলি আমাকে বাপের বাড়িতে নিয়ে আসতে বাধ্য হয়। তখন আমি গর্ভবতী। আমি আমার বাপের বাড়ির লোকদের সহায়তায় পুরুলিয়াতে ডাক্তার দেখায়। সেইসময় আমার স্বামী বা শ্বশুরবাড়ির কেও আমার কোন খবরাখবর নেয়নি। আমি ফোন করলে তারা আমায় উপেক্ষা করত। বারবার অনুরোধ করা সত্তেও আমার স্বামী আমাকে সেইসময় আমার বাপের বাড়ি থেকে ফিরিয়ে নিয়ে না গেলে, আমি আমার জামাইবাবু সাইয়াদ সাকিল আহমেদের সাথে ১৫/০৪/২০১৯ তারিখে আমার শ্বশুরবাড়িতে ফিরে যাই। কিন্তু সেখানে ফিরে আমাকে আরো বেশি করে নরকযন্ত্রনা ভোগ করতে হয়। গর্ভবতী অবস্থায় যে যত্ন আমার প্রাপ্য ছিল, তার কোনটাই আমি আমার স্বামী ও শ্বশুরবাড়ির লোকেদের কারো কাছ থেকে পাইনি। প্রয়োজনীয় খাবার ও কপালে জুটত না। ঐ অবস্থায় বাড়ির সমস্ত কাজ আমি করতাম। কোনরকমে দুবেলা দুমুঠো খাবার পেতাম। সংসার করার আশায় আমি সব কষ্ট সহ্য করে ছিলাম। আমি এটাও জানতে পারি যে আমার স্বামীর বহু মহিলার সাথে বিবাহ বহির্ভূত সম্পর্ক রয়েছে। এরপর ১৮/০৪/২০১৯ তারিখে আমি আমার স্বামীকে হাতে নাতে এক মহিলার সাথে ফোনে অশ্লীল কথা বলতে শুনে ফেলি। প্রতিবাদ করলে আমার স্বামী আমার উপর ক্ষেপে ওঠে ও আমার চুলের মুঠি ধরে বেপরোয়া ভাবে আমায় সারা শরীরে মারতে থাকে। আমায় প্রানে মেরে ফেলার জন্য আমার গলাটি টিপে ধরে ও হুমকি দেয় যে, 'আর কখনো এই ব্যাপারে কিছু প্রতিবাদ করলে আমার প্রানে মেরে ফেলে দেবে। কেউ জানতেও পারবে না।' আমার শাশুড়ি-শ্বশুর সব কিছু দেখেও আমার স্বামীর বিরুদ্ধে কিছু বলে নি, উপরন্তু আরো বেশি করে তারা আমার স্বামীকে উস্কানি দিতে থাকে ও বলে যে আমার কোন অধিকার নেই তাদের ছেলের ব্যাপারে নাক গলাবার। আমার স্বামী এরপর ক্রমাগত আমায় বাপের বাড়ি ফেরৎ যাওয়ার জন্য মানসিক চাপ দিতে থাকে। তাতে প্রত্যক্ষ মদত যোগায় আমার শাশুড়ি, দুই ননদ ও ননদাই। তাদের ক্রমাগত চাপে আমার ভাই ইমরান আলী আমাকে ২১/০৪/২০১৯ তারিখে পুরুলিয়াতে বাপের বাড়িতে নিয়ে

Saba Kauser

আসে। এরপর গত ০১/০৯/২০১৯ তারিখে পুরুলিয়ার সিংহনিয়া নার্সিং হোমে আমি একটি কন্যা সন্তানের জন্ম দিই। সেই খবর আমার বাড়ির লোকেরা আমার স্বামীকে ফোন মারফৎ জানালে সে পরিষ্কার জানিয়ে দেয় যে আমার ও আমাদের মেয়ের সাথে তার আর কোন সম্পর্ক নেই। আমি মানসিক ভাবে ভেঙ্গে পড়ি। নভেম্বর, ২০১৯ এ আমি আমার উপর হওয়া অত্যাচারের কথা পুরুলিয়া ডিগুডি পাড়ার মোহল্লাবানা কমিটিকে জানাই। তাদের উদ্যোগে আমার শ্বশুরবাড়ির লোকেদের সাথে যোগাযোগ করা হয়। এরপর গত ০৬/১১/২০১৯ তারিখে আমার স্বামী, শ্বশুর-শাশুড়ী, বড় ননদ ও বড় নন্দাই, স্বামীর পিসি -পিসেমশাই পুরুলিয়াতে আসে ও কমিটির মিটিং এ উপস্থিত হয়। কিন্তু তারা বিভিন্ন অজুহাতে ব্যাপারটি এড়িয়ে যায় ও বলে যে শীতকাল পেরিয়ে গেলে তারা আমাকে নিয়ে যাবে। সেইদিন বারবার অনুরোধ করা স্বত্তেও তারা কেউ আমার বাপের বাড়ি এসে আমার কন্যাসন্তানের মুখটাও দেখেনি। পরবর্তীকালে তারা আমায় ফেরৎ না নিয়ে গেলে, উক্ত কমিটির চাপে বাধ্য হয়ে আমার স্বামী ও তার বাড়ির বাকি লোকেরা ও অন্যান্য আত্মীয়রা গত ০৮/০৩/২০২০ তারিখে পুনরায় পুরুলিয়াতে উক্ত কমিটির ডাকা মিটিং এ উপস্থিত হয়। দীর্ঘ আলোচনার পর তারা কমিটির লোকেদের সামনে ও আমার বাড়ির লোকেদের সামনে আমায় ও আমাদের মেয়েকে তাদের সাথে ফিরিয়ে নিয়ে যেতে রাজী হয়। সেদিন তারা চাপে পড়ে আমার বাপের বাড়িতে আসে। আমি ফিরে যাওয়ার জন্য তোড়জোড় শুরু করে দিই। কিন্তু হঠাৎ করে আমার স্বামী ও উপস্থিত শ্বশুরবাড়ির লোকেরা নিজেদের দেওয়া প্রতিশ্রুতি থেকে সরে যায় ও আমাকে ফিরিয়ে নিয়ে যেতে অস্বীকার করে। কিছু বোঝার আগেই তারা সবাই মিলে আমায় ও আমার পরিবারের লোকেদের গালিগালাজ করতে শুরু করে দেয় ও তারা সবাই মিলে আমাকে ডিভোর্সের জন্য চাপ দিতে থাকে ও বলে যে এর অন্যথা হলে তার ফল ভাল হবে না।। এই বলে তারা আমায় না নিয়েই চলে যায়।

বর্তমানে আমি বাপের বাড়ি পুরুলিয়াতে আমার ১০ মাসের কন্যা সন্তানকে নিয়ে অসহায় ভাবে রয়েছি। আমার স্বামী ও নন্দাই জাকির শেখ আমার ভাই উমান আলীর ফোনে গত ১০/০৬/২০২০ ও ১৭/০৬/২০২০ তারিখে ফোন করে আমাদের গালিগালাজ করে ও প্রানে মেরে ফেলার হুমকী ও দিয়েছে। তারা বিভিন্নভাবে আমাকে ও আমার পরিবারের লোকেদের মানসিক ভাবে চাপ দিচ্ছে যাতে আমি ডিভোর্সে রাজী হয়ে যায়। তাদের বক্তব্য যে তাদের বিরুদ্ধে কোন অভিযোগ করে কোন লাভ হবে না, কেউ তাদের কোন ক্ষতি করতে পারবে না।

তাই আমি আজ আপনার স্বরস্থ হলাম। এমতাবস্থায় আপনার কাছে আবেদন যে দোষীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা ও শাস্তি প্রদানের ব্যবস্থা গ্রহনের মর্জি হয়।অভিযুক্তদের নাম ও ঠিকানা নিচে সবিস্তারে দেওয়া হল।এই অভিযোগ পত্রটি আমার কথামত টাইপ করা হয়েছে, যা পড়ে শুনিয়ে দেওয়ার পর, আমি সই করলাম।

ইতি-

Seba Kauser.

মো: 8250927374

(সাবা কৌশর, স্বামী-রেজওয়ান আহমেদ, পিতা-মহম্মদ এহেসান আলী, বর্তমান ঠিকানা ডিগুডী পাড়া, জে কে কলেজ রোড, থানা ও জেলা-পুরুলিয়া)

অভিযুক্তদের নাম ও ঠিকানা:

১)রিজওয়ান আহমেদ, পিতা-সিরাজ আহমেদ,
২)সিরাজ আহমেদ, পিতা- নাম জানা নেই
৩)সাবিরা বেগম, স্বামী-সিরাজ আহমেদ
_সকলের ঠিকানা- এ-২৫/১৩-এ, সালেমপুরা, বিশেশ্বরগঞ্জ, বারানসী, উত্তরপ্রদেশ, পিন-২২১০০১
৪)সাবানা শেখ, স্বামী-জাকির শেখ,
৫)জাকির শেখ, পিতা-শের আলী _উভয়ের স্থায়ী ঠিকানা-অরবিন্দপল্লী, লোয়ার বেলীয়াশোল চার্চের নিকট, আদরা, থানা-আদরা, জেলা-পুরুলিয়া, উভয়ের বর্তমান ঠিকানা-রেলওয়ে কলোনী, সম্বলপুর রেল জংশনের নিকট, সম্বলপুর, থানা ও জেলা-সম্বলপুর, ওড়িশা
৬)রোজী পারভিন, স্বামী-রিয়াজ আহমেদ,
৭)রিয়াজ আহমেদ, পিতা-নুরু বাবু, _উভয়ের ঠিকানা-চাঁদোয়ালী, সিনেমা রোড, নদীর পাশে, থানা ও জেলা-ভদ্রক, ওড়িশা

Received on 24/03/21 at 13:25 hrs Received & Started
Cog case vide Case No. 06/21 dt 24/03/21
u/s - 498(A)/323/406/506/509/34 IPC & 3/4 D.P. Act

Sd/
I/C
24/03/21
Officer In-Charge
Women P.S. (Sadar) Purulia

REDMI NOTE 9 PRO MAX